পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ১০৯৭/শা-২(ক)/প.

তারিখঃ ১৩ পৌষ ১৪২৭
২৮ ডিসেম্বর ২০২০

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০১৮ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সনের ডিগ্রি পাস ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online- এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরমপূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলোঃ

১। **শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ণ, বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম পূরণ ও জমা করার তারিখঃ**

ক। শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ ঃ **২৮/১২/২০২০ হতে ১০/০১/২০২১ পর্যন্ত**

খ। শিক্ষার্থীর ডাটা কলেজ কর্তৃক নিশ্চয়ণ করার তারিখ ঃ **১২/০১/২০২১**

গ। ব্যাংক ড্রাফট, ফিস বিবরণী, শিক্ষার্থী বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব কেন্দ্রে কলেজ কর্তৃক জমা দেয়ার শেষ তারিখ ঃ **১৪/০১/২০২১**

২।

| ক্র.নং | পরীক্ষার্থীদের ফি- এর বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | ৩য় বর্ষ (৭০০ নম্বর) নিয়মিত | ১৫৫০/- (৭০০/- ফিস + মার্কসিট ও সার্টিফিকেট ৭৫০/- + ইন-কোর্স ফিস ১০০/- এবং ব্যবহারিক ফিস প্রতি বিষয়ে ১৫০/- হারে (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০২ | সার্টিফিকেট কোর্স | ৬৫০/- (প্রতি পত্রে ১০০/- হারে + ইন-কোর্স ১০০/- + মার্কসিট ৪৫০/-) |
| ০৩ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ৭৫০/- ( ১। কলেজের অংশ-৩০০/- ২। কেন্দ্রের অংশ-৪৫০/-) |
| ০৪ | ব্যবহারিক কেন্দ্র ফি | ১০০/- (প্রতি বিষয়ে) (কলেজের অংশ) |

বিঃ দ্রঃ পরীক্ষার ফলাফল যথাসময়ে প্রকাশের স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নাই। অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

## আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী

অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd/formfillup.php) **Formfilup** বাটনে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

### নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

i) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

### অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

i) ২০১৩-১৪ ,২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৪, ২০১৫ সানের রেজিস্ট্রশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫, ২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৬, ২০১৭ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়তিম শিক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। এছাড়াও সে সকল শিক্ষার্থীরা ২০১৬ সনে ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়ে ২০১৭ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন ও অনিয়তিম হিসারে অংশগ্রহণ করেছে তাদের মধ্যে যে সকল পরীক্ষার্থীর উক্ত দুই পরীক্ষার ফলাফল (২০১৬ ও ২০১৭) মিলে ৩য় বর্ষের প্রমোশনের শর্তাবলী পূরণ করে তারাও আলোচ্য ২০১৮ সনের ডিগ্রি পাস ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ii) ২০১৩-১৪ ,২০১৪-১৫ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্র/ছাত্রী ২০১৬, ২০১৭ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে মানোন্নয়ন শিক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন। এ ছাড়াও ২০১৭ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় যারা C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৮ সালের সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

### সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য (২০০ নম্বর)

i) ২০১৫-১৬ শিক্ষাবর্ষে রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৪। <u>ফি জমাদানের পদ্ধতি ঃ</u>

২০১৮ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর সাথে Money Statement অবশ্যই সংযুক্ত করে দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

৫। <u>ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ</u>

নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিজ নিজ কলেজে উপস্থিত হয়ে ইন-কোর্স পরীক্ষায় ফরম পূরণের পূর্বে অংশগ্রহণ করবে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইন-কোর্স/টিউটোরিয়াল নম্বর আবেদন ফরম পূরণের নির্ধারিত সেশনে যারা, যে কোডে ফরমপূরণ করবে সে কোডের ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ করতে হবে এবং এর এককপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, জনাব মোঃ মনিরুল ইসলাম-এর নিকট ও সফটকপি examcontrollera7c@du.ac.bd প্রেরণ করতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট অফিসে সংরক্ষণ করতে হবে।

৬। <u>ফলাফল ঃ</u>

এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

মোঃ বাহালুল
(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
E-mail: examcontrollera7c@du.ac.bd

28.12.2020 28.12.2020